



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
আঞ্চলিক কার্যালয়, বিসিক, খুলনা



বিষয়ঃ

দুর্নীতি প্রতিরোধ বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি

: জনাব তাহের নাসরীন
আঞ্চলিক পরিচালক(ভারপ্রাপ্ত), বিসিক, খুলনা।

সভার তারিখ ও সময়

: ২৮/১২/২০২২, সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান

: শিল্পনগরী কার্যালয়, বিসিক, খুলনা

উপস্থিত তালিকা

: 'পরিশিষ্ট ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং ব্যক্তিগত ও জাতীয় জীবনে দুর্নীতি প্রতিরোধকল্পে শুদ্ধাচারের গুরুত্ব তুলে ধরেন। বর্তমান সমাজে রক্তে রক্তে বিষবাস্পের মতো ছড়িয়ে পড়েছে দুর্নীতি। জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের মাধ্যমে আমরা দুর্নীতিমুক্ত, শোষণমুক্ত ও শৃঙ্খলাময় সমাজ ও রাষ্ট্র ব্যবস্থা গড়ে তুলতে পারবো। দুর্নীতি রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়।

আলোচনাতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য সূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	নৈতিকতা লালন	আমরা সামাজিক জীব। আমাদের চারিপাশের মানুষদের সঙ্গে বন্ধুত্ব ও আস্থা অর্জনে নৈতিকতা আমাদের চালিত করে। নীতি নৈতিকতা আমাদের বিবেককে জাগ্রত রাখে, ভাল কাজে মনকে নিবিষ্ট রাখে –এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সবার প্রতি ভালো আচরণ ও ভালো সম্পর্ক গড়ে তোলার জন্য সভায় উপস্থিত অত্র অফিসের কর্মকর্তা ও অংশীজনদের নৈতিকতা লালন করার প্রতি আহ্বান জানানো হয়	সকল অংশীজন ও অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী
২.	স্বচ্ছতা ও জবাবদিহিতা	স্বচ্ছতার আরেক নাম সততা। কোন কার্য সম্পাদনকালে তার পরিপূর্ণ নিয়ম-নীতি মেনে কাজ করাই হলো স্বচ্ছতা। প্রতিষ্ঠানের কাজকর্মের গতিশীলতা, উন্নতি এবং সার্বিক পরিবেশ বজায় রাখার জন্য সবার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়।	প্রতিষ্ঠান ও অফিসে কর্মরত সবাইকে সুশাসন প্রতিষ্ঠার জন্য স্বচ্ছতা ও জবাবদিহিতার আওতায় আনার জন্য পরামর্শ প্রদান করা হয়।	সকল অংশীজন ও অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী

স্বাক্ষর

৩.	নির্দিষ্ট সময়ের মধ্যে সেবা প্রদান	সময়ের কাজ সেই সময়ের মধ্যেই করতে হবে। কোনক্রমেই কাজ ফেলে রাখা যাবে না অথ্যাৎ সময়ক্ষেপণ করা যাবে না। কারণ সময়ক্ষেপণ করাও এক ধরনের দুর্নীতি।	অফিস /প্রতিষ্ঠানে কর্মরত সবাই নিজ নিজ কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে করছে কি না তা তদারকি করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের ও অফিসের শাখা প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়।	সকল অংশীজন ও অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী
৪.	দুর্নীতি প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধিকরণ	সরকার দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। দুর্নীতি যে ক্যান্সারের সমরূপ-সকল স্তরে এমন ধারণার প্রসার ঘটতে দুর্নীতি প্রতিরোধকল্পে গণ সচেতনতা বৃদ্ধির উপর আলোকপাত করা হয়।	দুর্নীতি প্রতিরোধকল্পে প্রতিষ্ঠান ও অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সচেতন হতে হবে এবং সবাইকে দায়িত্ববান হয়ে অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে। দুর্নীতি প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধির জন্য সাহিত্য ও বিচিত্রানুষ্ঠান, দুর্নীতিবিরোধী পোস্টার এবং পত্র পত্রিকার মাধ্যমে ব্যাপক প্রচার চালাতে হবে।	সকল অংশীজন ও অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী
৫.	অভিযোগ/ পরামর্শ বক্স স্থাপন	প্রতিটি প্রতিষ্ঠান, অফিসে অভিযোগ বক্স স্থাপনের উপর গুরুত্বারোপ করা হয়। এটি প্রতিষ্ঠান ও অফিসের দুর্নীতি রোধকল্পে সহায়ক ভূমিকা পালন করবে বলে- সভায় উপস্থিত সকলে মনে করেন।	প্রতিষ্ঠান ও অফিসের কর্মরত সবাই অসং উপায় হতে বিরত থাকে সেই জন্য নিজ নিজ প্রতিষ্ঠান ও অফিসে অভিযোগ/ পরামর্শ বক্স স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়।	সকল অংশীজন ও অফিস প্রধান

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি শুধু অফিস, প্রতিষ্ঠানে নয়, আমাদের মূল শিকড় পরিবার থেকেই যেন শুদ্ধাচার চর্চা শুরু হয় সেই বিষয়ে গুরুত্বারোপ করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(তাহেরা নাসরীণ)

আঞ্চলিক পরিচালক(ভারপ্রাপ্ত)

বিসিক, খুলনা।

ইমেইল:rdkhulna@bscic.gov.bd

স্মারক নং- ৩৬.০২.০০০০.০০০.০৫.২৮৫.১৭

তারিখঃ- ১৩ পৌষ, ১৪২৯
২৮ ডিসেম্বর ২০২২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. পরিচালক (শিক্ষা উন্নয়ন ও সম্প্রসারণ) বিসিক, ঢাকা।

২. সচিব, বিসিক, ঢাকা।

৩. চেয়ারম্যানের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)



(তাহেরা নাসরীন)

আঞ্চলিক পরিচালক(ভারপ্রাপ্ত)

বিসিক, খুলনা।

ইমেইলঃrdkhulna@bscic.gov.bd